# B.A. PROGRAM COURSE

# 4th Semester

# with Physical Education

**Topic:** *1.3. Activities of Health Agencies- World Health Organization (WHO), United Nations Educational Scientific and Cultural Organization (UNESCO) and United Nations International Children's Emergency Fund (UNICEF)*

**MD NASIRUDDIN PANDIT**

**STATE AIDED COLLEGE TEACHER (S.A.C.T.)**

**DEPARTMENT OF PHYSICAL EDUCATION**

**PLASSEY COLLEGE, PLASSEY, NADIA.**

# Health Agencies-

1. বিশ্ব স্বাস্থ্য সংস্থা (World Health Organization or WHO)
2. ইউনেস্কো (UNESCO)
3. ইউনিসেফ (UNICEF)

# 1. বিশ্ব স্বাস্থ্য সংস্থা (World Health Organization or WHO) :

রাষ্ট্রপুঞ্জের একটি বিশেষ, অরাজনৈতিক এবং আন্তর্জাতিক স্বাস্থ্য বিষয়ক কার্যকরী সংস্থা হল বিশ্ব স্বাস্থ্য সংস্থা। 1948 সালের 7 এপ্রিল এই সংস্থা স্থাপিত হয় এবং এই দিনটিকে প্রতি বছর বিশ্ব স্বাস্থ্য দিবস' হিসেবে পালন করা হয়। এর সদর দফতর সুইজারল্যান্ডের জেনেভায় অবস্থিত।

# WHO-এর উদ্দেশ্য?

বিশ্ব স্বাস্থ্য সংস্থা বা WHO-এর উদ্দেশ্য হল বিশ্বের প্রতিটি মানুষের জন্য সর্বোচ্চ পর্যায়ের স্বাস্থ্য সুনিশ্চিত করা। বিশ্ব স্বাস্থ্য সংস্থা মনে করে যে, জাতি, ধর্ম, বর্ণ, রাজনীতি, আর্থ-সামাজিক অবস্থা নির্বিশেষে পৃথিবীর প্রতিটি মানুষের সর্বোচ্চ মাত্রার স্বাস্থ্য উপভোগ করার অধিকার আছে এবং তারা এই উদ্দেশ্যকে সামনে রেখেই বিশ্বব্যাপী তাদের কাজের পরিধি ছড়িয়ে দিয়েছে।

# WHO-এর সদস্যপদ:

বিশ্বের প্রতিটি দেশ বিশ্ব স্বাস্থ্য সংস্থার সদস্যপদ গ্রহণ করতে পারে। 1948 সালে এই সদস্য সংখ্যা ছিল 56টি, 1975 সালে এই সংখ্যা বৃদ্ধি পেয়ে হয় 146 টি এবং বর্তমানে এর সদস্য সংখ্যা 202 টি। প্রতিটি দেশ সদস্য হিসেবে বিশ্ব স্বাস্থ্য সংস্থার তহবিলে বার্ষিক অর্থ প্রদান করে এবং প্রত্যেকেই তাদের প্রয়োজন মত সাহায্য WHO থেকে পেয়ে থাকে।

# WHO-এর কার্যকারিতা/কাজ:

1. বিশ্বব্যাপী আন্তর্জাতিক স্বাস্থ্য বিষয়ক সকল কর্মকাণ্ডের পরিচালনা ও সমন্বয় সাধন করে WHO। WHO-এর মাধ্যমে রাষ্ট্রপুঞ্জ বিশ্বের প্রতিটি রাষ্ট্রের স্বাস্থ্য উন্নয়নে ও সঠিক স্বাস্থ্যমান অর্জনে সাহায্য করে।
2. বিশ্ব স্বাস্থ্য সংস্থার অন্যতম গুরুত্বপূর্ণ কার্যক্রম হল রাষ্ট্রগুলিকে নিজস্ব স্বাস্থ্য পরিষেবার শক্তি বৃদ্ধি ও উন্নয়নে সাহায্য করা। এক্ষেত্রে WHO পরামর্শদাতা হিসেবে পরিষেবা প্রদান করে।

# WHO-এর কার্যকারিতা/কাজ....

3. WHO কেন্দ্রীয়ভাবে প্রযুক্তিগত কিছু পরিষেবা প্রদান করে। এগুলি হল—

a. মহামারীর বিষয়ে সতর্কতা দান এবং রোগের বিষয়ে নজরদারি।

b. আন্তর্জাতিক স্বাস্থ্যবিধি সমুহের রক্ষণাবেক্ষণ ও পরিচালনা।

c. বিশ্বব্যাপী স্বাস্থ্য সমীক্ষা ও পরিসংখ্যান নথি প্রস্তুত করা।

d. চিকিৎসা বিষয়ক বস্তুসমূহ, সরঞ্জাম ও জৈববস্তু সমূহের সঠিক মান বজায় রাখতে সাহায্য করা।

e. স্বাস্থ্য বিষয়ক বার্ষিক ও মাসিক প্রকাশনা এবং বিশেষজ্ঞ কমিটির নথিপত্র প্রকাশ ।

f. স্বাস্থ্য ও চিকিৎসা সম্পর্কিত গবেষণা ও স্বাস্থ্য সমস্যা দূরীকরণে সহায়তা প্রদান।

# বিশ্ব স্বাস্থ্য সংস্থার সচিবালয় (The WHO Secretariat):

WHO-এর সচিবালয় অবস্থিত জেনেভায়। এর সর্বোচ্চ পদে থাকেন ডাইরেক্টর জেনারেল বা মহাপরিচালক। WHO-এর সচিবালয়ের 13 টি শাখা আছে।

## 2. ইউনেস্কো (UNESCO):

**The United Nations Educational Scientific and Cultural Organisation-** কে ছোটো করে বলা হয় ইউনেস্কো **(UNESCO)**। এটি রাষ্ট্রপুঞ্জের একটি বিশেষ সংস্থা, যার সদর দফতর প্যারিসে অবস্থিত।

ইউনেসকো স্থাপিত হয় 4 নভেম্বর, 1946। বর্তমানে বিশ্বের 195 টি দেশ-এর সদস্য এবং এর সাথে আছে 10 টি সহযোগী সদস্য। বর্তমানে এর মহানির্দেশক হলেন আদ্রে অ্যাজুলে।

- Audrey Azoulay is the current Director-General of UNESCO. In November 2021, she was re-elected to a second term by a large majority at the 41st session of the Organization's General Conference in Paris.
- UNESCO is headquartered in Paris and has offices in 54 countries. It manages more than 2,000 World Heritage sites, Biosphere Reserves, and Global Geoparks, as well as networks of Creative, Learning, Inclusive, and Sustainable Cities. UNESCO also works with more than 13,000 associated schools, university chairs, training, and research institutions.



# উদ্দেশ্য:

পাঁচটি প্রধান প্রধান কর্মসূচিকে সামনে রেখে ইউনেসকো তার উদ্দেশ্য পূরণের চেষ্টা করে, এগুলি হল— শিক্ষা, প্রাকৃতিক বিজ্ঞানসমূহ, সামাজিক/মানব বিজ্ঞানসমূহ, সংস্কৃতি এবং যোগাযোগ/তথ্য। ইউনেস্কো কর্তৃক যে সকল প্রকল্প গ্রহণ করা হয় তার মধ্যে থাকে স্বাক্ষরতা, প্রযুক্তি ও শিক্ষক-প্রশিক্ষণ কর্মসূচি, আন্তর্জাতিক বিজ্ঞান বিষয়ক কর্মসূচি, স্বাধীন গণমাধ্যমের প্রসার ও সংবাদপত্রের স্বাধীনতা, আঞ্চলিক ও সাংস্কৃতিক ঐতিহাসিক প্রকল্প, সাংস্কৃতিক বৈচিত্র্যের প্রসার, বিশ্ব-সাহিত্যের অনুবাদ, বিশ্বের সাংস্কৃতিক ঐতিহ্য ও প্রাকৃতিক ঐতিহ্য রক্ষার্থে আন্তর্জাতিক সহযোগিতা মূলক চুক্তি স্বাক্ষর এবং মানবাধিকার রক্ষা করা এবং বিশ্বব্যাপী বৈচিত্র্যময় তথ্যের মধ্যে সেতু রচনা করা।

# ইউনেস্কো-এর লক্ষ্য :

**ইউনেস্কো-এর লক্ষ্য** হল—বিশ্ব-শান্তি, দারিদ্র্য দূরীকরণ, দীর্ঘস্থায়ী বিকাশ এবং শিক্ষা, বিজ্ঞান, সংস্কৃতি, যোগাযোগ ও তথ্যের মাধ্যমে আন্তঃসাংস্কৃতিক আদান-প্রদান। এই সংস্থার অপর একটি অগ্রাধিকার হল সকলের জন্য উৎকর্ষপূর্ণশিক্ষা এবং জীবনব্যাপী শিখন, সাম্প্রতিক, সামাজিক ও নৈতিক সমস্যার মোকাবিলা, সাংস্কৃতিক বৈচিত্র্যের প্রতিপালন, যোগাযোগ ও তথ্যের মাধ্যমে সমাজে শান্তি ও অন্তর্ভুক্তিমূলক জ্ঞানের বিকাশ।

# ইউনেস্কোর কার্যকারিতা/কাজ :

কোনো দেশের সরকার সেই দেশের জনগণের জন্য রাজনৈতিক ও অর্থনৈতিক ভাবে যে সুযোগ-সুবিধার আয়োজন করে তা যথেষ্ট ও দীর্ঘস্থায়ী নাও হতে পারে। পারস্পরিক কথোপকথন ও পারস্পরিক বোঝাপড়ার মাধ্যমেই বিশ্বব্যাপী শান্তি স্থাপন করা সম্ভব। মানুষের বুদ্ধিমত্তা ও নৈতিক সংহতির ওপরেই শান্তির ভিত রচিত হয়। এই দৃষ্টিভঙ্গিকে সামনে রেখে -

1. ইউনেস্কো বিশ্বব্যাপী নাগরিকদের ঘৃণা ও অসহিষ্ণুতা-মুক্ত জীবন উপহার দেবার জন্য শিক্ষাকে ব্যবহার করে।
2. ইউনেসকো প্রত্যেকটি শিশু ও নাগরিকদের জন্য উৎকৃষ্ট শিক্ষার আয়োজনের উদ্দেশ্য কাজ করে।

# ইউনেস্কোর কার্যকারিতা/কাজ :

3. সাংস্কৃতিক ঐতিহ্যের প্রসারের লক্ষ্যে এটি প্রতিটি সংস্কৃতির সমমূল্য প্রতিষ্ঠা করে।

4. বিশ্বের প্রতিটি দেশের মধ্যে মানবিক বন্ধনকে দৃঢ় করে।

5. এই সংস্থা, বিশ্বব্যাপী উন্নয়ন ও সহযোগিতার ধারা বজায় রাখার উদ্দেশ্যে ইউনেসকো বিজ্ঞানমূলক কর্মসূচির ওপর জোর দেয়।

6. এই সংস্থা মত প্রকাশের স্বাধীনতাকে স্বীকার করে, এটিই মৌলিক অধিকার ও গণতন্ত্রের চাবিকাঠি। বিশ্বব্যাপী ধারণা ও জ্ঞানের মুক্ত প্রবাহ সৃষ্টির লক্ষ্যে ইউনেস্কো ধারণা ও জ্ঞানের পরীক্ষাগার হিসেবে কাজ করে।

# 3. UNICEF

***The United Nations Children's Fund (UNICEF),*** originally known as ***the United Nations International Children's Emergency Fund***, was created by the United Nations General Assembly on 11 December 1946.

## 3. ইউনিসেফ (UNICEF):

সংযুক্ত রাষ্ট্রপুঞ্জের একটি বিশেষ সহযোগী সংস্থারূপে ইউনিসেফ্ আত্মপ্রকাশ করে 1946 খ্রিস্টাব্দের 11 ডিসেম্বর। এর পূর্ণনাম ইউনাইটেড নেশনস্ ইন্টারন্যাশনাল চিলড্রেনস্ ইমারজেন্সি ফান্ড’।

এই সংস্থাটি স্থাপনের মূল লক্ষ্য ছিল যুদ্ধোত্তর ইউরোপ, চিন ও মধ্যপ্রাচ্যের শিশুদের সাহায্য করা।

সংস্থাটির সদর দফতর আমেরিকার নিউইয়র্ক সিটিতে অবস্থিত।

As of August 16, 2024, **Catherine M. Russell** is the Executive Director of UNICEF. She was appointed to the role by the UN Secretary-General on February 1, 2022, becoming the eighth person to hold the position and the fourth woman to lead the organisation in its 75-year history.



# ইউনিসেফ (UNICEF)....

11 ডিসেম্বর, 1946 সংযুক্ত জাতিপুঞ্জের সাধারণ পরিষদ কর্তৃক ইউনিসেফ-এর সৃষ্টি করা হয়, যার উদ্দেশ্য ছিল দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর কালে বিভিন্ন দেশে শিশুদের মধ্যে জরুরিভিত্তিতে খাদ্য ও স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দেওয়া। ***পোল্যান্ডের চিকিৎসক 'লুডউইক র‍্যাচম্যান' ইউনিসেফের প্রতিষ্ঠাতা হিসেবে পরিচিত এবং তিনিই প্রথম এই সংস্থার 'চেয়ারম্যান' নিযুক্ত হন।*** তার পরামর্শেই আমেরিকার 'মেউরিস পেট'কে সংস্থার প্রথম 'এক্সিকিউটিভ ডিরেক্টর' হিসেবে নিযুক্ত করা হয়। তিনি 1947 সাল থেকে 1965 সাল পর্যন্ত আমৃত্যু সংস্থার সেবা করে গেছেন।

# ইউনিসেফের কর্মকাণ্ড :

1. বিশ্বের প্রতিটি দেশে ইউনিসেফের দফতর আছে যেগুলির কাজকর্ম আঞ্চলিক দফতর দ্বারা নিয়ন্ত্রিত হয়। নির্দিষ্ট দেশের সরকারের সহযোগিতায় ওই দেশের ইউনিসেফ দফতর সুনির্দিষ্ট কর্মসূচির মাধ্যমে নিজেদের লক্ষ্য ও উদ্দেশ্য পূরণ করে।
2. 1950 সালে ইউনিসেফ তার কর্মকাণ্ডকে বিশ্বের প্রতিটি উন্নয়নশীল দেশের শিশু ও নারী কল্যাণের উদ্দেশ্য নিবেদিত করেছে।

# ইউনিসেফের কর্মকাণ্ড....

3. শিশু ও নারী কল্যাণে ও তাদের অধিকার রক্ষার্থে সংস্থাটি পঞ্চবার্ষিকী পরিকল্পনা গ্রহণ করে এবং সুনির্দিষ্ট কাজের ভিত্তিতে পরিকল্পনা রূপায়ন করে। আঞ্চলিক দফতর এই কাজের পথনির্দেশ করে ও প্রযুক্তিগত সহায়তা দান করে।

4. সংস্থার সামগ্রিক পরিচালন ব্যবস্থা ও প্রশাসনিক কাজকর্ম পরিচালিত হয় সদর দফতরে, যেখানে বিশ্বব্যাপী শিশুদের কল্যাণের উদ্দেশ্যে পরিকল্পনা রচনা করা হয় ।

5. ইউনিসেফের কর্মকাণ্ডের পথ-প্রদর্শন ও পরিচালনা করে কার্যনির্বাহক পর্যদ (Executive Board) যার সদস্য সংখ্যা 36। এই সদস্যগণ বিভিন্ন দেশের সরকারের প্রতিনিধিত্ব করেন। এই পর্যদ নীতিমালা প্রস্তুতি, কর্মসূচি অনুমোদন, প্রশাসনিক সিদ্ধান্ত গ্রহণ, অর্থনৈতিক পরিকল্পনা ও বাজেট প্রস্তুতির কাজ করে।

# ইউনিসেফের কর্মকাণ্ড....

6. কার্যনির্বাহক পর্ষদ একটি উচ্চস্তরীয় কমিটির তত্ত্বাবধানে কাজ করে যা সভাপতি, চারজন সহ-সভাপতি ও পাঁচজন আঞ্চলিক সদস্যদের নিয়ে গঠিত হয়।
7. পাঁচটি আঞ্চলিক দফতর থেকে একজন করে প্রতিনিধি উক্ত উচ্চস্তরীয় কমিটিতে এক বছরের জন্য স্থান পান, যারা সভাপতি কর্তৃক মনোনীত হন। প্রতি বৎসর এই সদস্যদের পরিবর্তন করা হয়।
8. কার্যনির্বাহ পর্ষদের সচিবালয় উক্ত পর্যদের কাজে সহায়তা প্রদান করে। এর প্রধান কাজ হল কার্যনির্বাহক পর্ষদ ও ইউনিসেক্ সচিবালয়ের মধ্যে কার্যনির্বাহ সম্পর্ক স্থাপন করা ও পর্ষদের পর্যবেক্ষণ কার্যে সহায়তা করা ।

# ইউনিসেফের কর্মকাণ্ড....

9. ইউনিসেফ্ বিভিন্ন দেশের সরকার ও বেসরকারি দাতাদের থেকে অর্থ সংগ্রহের মাধ্যমে উন্নয়নকার্য পরিচালনা করে। 2015 সালে সংস্থাটি প্রায় 500 কোটি 95 লক্ষ 57 হাজার 71 আমেরিকান ডলার অর্থ সাহায্য সংগ্রহ করে।
10. সংস্থার সম্পদের একতৃতীয়াংশ সংগৃহীত হয় বিভিন্ন দেশের সরকারের থেকে। বেসরকারি গোষ্ঠী ও ব্যক্তিবর্গ জাতীয় কমিটিগুলির মাধ্যমে বাকি অংশ পূরণ করে। ইউনিসেফের সংগৃহীত অর্থের 92 শতাংশ সেবামূলক কার্যে ব্যয়িত হয় ।
11. উন্নয়নশীল দেশের শিশুদের স্বাস্থ্য ও অন্যান্য পরিসেবা কার্যের জন্য ইউনিসেফ অর্থ বরাদ্দ করে। 1995 সালে সংস্থাটি নোবেল শান্তি পুরস্কার লাভ করে এবং 1965 সালে 'প্রিন্স অফ্ অস্ট্রেরিয়াস' পুরস্কার লাভ করে।

# ইউনিসেফের কর্মকাণ্ড....

12. ইউনিসেফের কর্মকাণ্ড 190-টি দেশ ও অঞ্চলে ছড়িয়ে আছে। 150-টি দেশীয় দফতর, সদর দফতর ও অন্যান্য দফতর নিয়ে ইউনিসেফের কাজ পরিচালিত হয়। 34টি জাতীয় কমিটি নানাবিধ সরকারি কর্মসূচির মাধ্যমে পরিকল্পনা রূপায়ণ করে থাকে। সাতটি আঞ্চলিক কমিটি জাতীয় কমিটিগুলিকে প্রযুক্তিগত সাহায্য প্রদান করে।

13. ইউনিসেফের সরবরাহ শাখার সদর দফতর কোপেনহেগেন-এ অবস্থিত যেখান থেকে টিকা, শিশুদের ও মায়েদের অ্যান্টিরেট্রোভাইরাল মেডিসিন এবং HIV নিয়ন্ত্রণ, সম্পূরক খাদ্য, জরুরিকালীন আশ্রয়, পারিবারিক পুনঃসমন্বয় বা একত্রীকরণ এবং শিক্ষামূলক উপকরণ সরবরাহ করা হয়।

# ইউনিসেফের কর্মকাণ্ড....

14. একটি 36 সদস্যের কার্যনির্বাহক পর্ষদ এই সংস্থার নীতিমালা প্রস্তুত করে কর্মসূচি অনুমোদন ও বৈদেশিক প্রশাসন পরিচালনা করে এবং অর্থনৈতিক পরিকল্পনা করে। কার্যনির্বাহী সদস্যবর্গ সরকারি প্রতিনিধিবর্গ দ্বারা পরিচালিত হয় যাদের নির্বাচন করে United Nations Economic and social council। এরা সাধারণত তিন বছরের জন্য নির্বাচিত হয়।

Thank You
So Much